



ইরানের সঙ্গে কূটনৈতিক আলোচনা সফল: পাকিস্তান সেনাপ্রধান



ছবি: সংগৃহীত

ইরানের সঙ্গে অনুষ্ঠিত সাম্প্রতিক উচ্চপর্যায়ের আলোচনাকে অত্যন্ত ইতিবাচক ও ফলপ্রসূ হিসেবে বর্ণনা করেছে পাকিস্তান। যুক্তরাষ্ট্র-ইরান উত্তেজনা প্রশমনে মধ্যস্থতার অংশ হিসেবে এই বৈঠককে গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে দেখা হচ্ছে।

শনিবার (২৩ মে) তেহরানে ইরানের শীর্ষ রাজনৈতিক ও সামরিক নেতৃত্বের সঙ্গে পাকিস্তানের সেনাপ্রধান ফিল্ড মার্শাল আসিম মুনিরের একাধিক বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠক শেষে ইসলামাবাদ জানায়, আলোচনায় পারস্পরিক বোঝাপড়া আরও শক্তিশালী হয়েছে।

ইরানের রাষ্ট্রীয় গণমাধ্যম জানায়, সফরকালে আসিম মুনির দেশটির প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান, পার্লামেন্ট স্পিকার মোহাম্মদ বাঘের কালিবাফ এবং পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাগচির সঙ্গে পৃথক ও যৌথ বৈঠকে অংশ নেন। এই সফরকে বিশ্লেষকরা আঞ্চলিক কূটনৈতিক তৎপরতার একটি গুরুত্বপূর্ণ ধাপ হিসেবে দেখছেন।

বৈঠকে মধ্যপ্রাচ্যে দীর্ঘস্থায়ী শান্তি ও সংঘাত প্রশমনের বিষয়টি গুরুত্ব পায়। তবে আলোচনার পাশাপাশি ইরান নিজেদের নিরাপত্তা অবস্থানও কঠোরভাবে তুলে ধরে এবং জানায়, কূটনৈতিক পথ খোলা থাকলেও যেকোনো বাহ্যিক হুমকি মোকাবেলায় তাদের সশস্ত্র বাহিনী সম্পূর্ণ প্রস্তুত।

বিশ্লেষকদের মতে, এই আলোচনা যুক্তরাষ্ট্র-ইরান পরোক্ষ কূটনৈতিক প্রক্রিয়াকে আরও সক্রিয় করতে পারে এবং ভবিষ্যতে আঞ্চলিক উত্তেজনা কমানোর ক্ষেত্রে ভূমিকা রাখতে পারে।